দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 09. OCT. 2016 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ১-৬ ......

# চিরিরবন্দরে শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

■ ফুলবাড়ি (দিনাজপুর) সংবাদদাতা

চিরিরবন্দর উপজেলার দক্ষিণ তুলসীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিশু শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে ইউএনওর কাছে অভিযোগ দিয়েছেন উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিভাবকরা।

অভিযোগে জানা যায়, ২০১৫ সালের জুলাই হতে ডিসেম্বর এবং চলতি বছরের জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত ওই বিদ্যালয়ের উপবৃত্তির টাকা ১২ জুলাইয়ের মধ্যে ব্যাংকের মাধ্যমে বিতরণের কথা। কিন্তু বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু জাফর ব্যাংক কর্তৃপক্ষের সাথে যোগসাজস করে নিজ হাতে টাকা বিতরণ করেন বলে অভিযোগ উঠেছে।

টাকা বিতরণের আগে প্রতি শিক্ষার্থীর কাছ থেকে ৫০ টাকা এবং ক্লাসে অনুপস্থিত থাকার জন্য তিনশ টাকা থেকে ৯শ টাকা শিক্ষার্থীদের কাছ থেকে আদায় করেছেন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে।

বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্য মকবুল হোসেন, সুলসীপুর গ্রামের অভিভাবক ওয়াহেদুল ইসলাম, রফিকুল ইসলাম আব্দুল গফ্ফার, ছাবেদ আলী ও নওশাদ আলী বলেন, উপবৃত্তি চালু হওয়ার পর থেকেই বিদ্যালয়টির প্রধান শিক্ষক উপবৃত্তি পাওয়া শিক্ষার্থীদের কাছ থেকে প্রতিবারই টাকা কেটে নিচ্ছেন।

জনতা ব্যাংক লিমিটেড চিরিরবন্দর শাখার ব্যবস্থাপক মোয়াজ্জেম হোসেন বলেন, সময়ের অভাবে বিতরণকারী ব্যাংক কর্মকর্তা প্রধান শিক্ষককে দিয়ে উপবৃত্তির টাকা বিতরণ করিয়েছেন বলেই কিছু জটিলতা হয়েছে বলে শোনা গেছে।

প্রধান শিক্ষক আবু জাফর বলেন, উপবৃত্তি পাওয়া থেকে বঞ্চিত শিক্ষার্থীদের অভিভাবকরা তার বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক অভিযোগ করছেন।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জাকিরুল হাসান বলেন, অভিভাবকদের দেয়া অভিযোগপত্রের অনুলিপি পাওয়া গেছে। বিষয়টি দ্রুত তদন্ত করে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ফিরোজ মাহমুদ বলেন, বিষয়টি তদন্তের জন্য প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে বলা হয়েছে। তদন্তে উপবৃত্তির অর্থ আত্মসাতের অভিযোগ প্রমাণিত হলে ওই প্রধান শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।